

হাসপাতালে ভর্তি হওয়া COVID-19-এ (কোভিড -১৯-এ) আক্রান্ত রোগীদের জন্য তথ্য

COVID-19 (কোভিড-১৯), কম থেকে গুরুতর অসুস্থতা ঘটাতে পারে।

আপনি কোভিড-১৯-এ আক্রান্ত হওয়ায় আপনাকে হাসপাতালে ভর্তি করা হয়েছে, যাতে আমরা আপনার নিঃশ্বাস-প্রশ্বাসের ওপর নজর রাখতে পারি। অক্সিজেন দিয়ে এবং কোন কোন সময় একটা ভেন্টিলেটোরের (কৃত্রিম নিঃশ্বাস নেওয়ার যন্ত্রের) মাধ্যমে আপনার নিঃশ্বাস-প্রশ্বাসে সাহায্য করার দরকার হতে পারে। তাছাড়াও, আপনার কোন লক্ষণ থাকলে সেগুলির জন্য আমরা আপনাকে সাহায্য করতে চাই।

আপনি কি চিকিৎসা পাবেন এবং কি কি সাহায্য পাওয়া যাবে তা এই লিফলেটে বুঝিয়ে বলা হয়েছে।

আমি কি চিকিৎসা পাব?

এই অসুখের চিকিৎসা করার জন্য সক্রিয় ব্যবস্থা নেওয়ার সাথে সাথে, আপনার যে কষ্ট পাওয়ার অভিজ্ঞতা হতে পারে আমাদের তা লাঘব করা গুরুত্বপূর্ণ। আপনার লক্ষণগুলির চিকিৎসা করার মাধ্যমে এটা করা হয়:

- যতটা সম্ভব ততটা শান্ত ও নিশ্চিত থাকলে শ্বাসকষ্টের উন্নতি হতে পারে, কিন্তু আপনার শ্বাসকষ্টের যদি অবনতি হয়, তাহলে সেটাতে সাহায্য করার জন্য আমরা ওষুধ ব্যবহার করব। ওষুধ হিসাবে মর্ফিন সবচেয়ে বেশী ব্যবহার করা হয়। যদিও সাধারণতঃ যন্ত্রনার জন্য মর্ফিন দেওয়া হয়, তবে শ্বাস নেওয়ার কষ্টের জন্যও নিরাপদে মর্ফিন দেওয়া যায়।
- মর্ফিন দিয়ে কাশিরও উপশম করা যায়।
- অনেক সময়ই উদ্বেগ থাকতে পারে; এই লক্ষণের জন্য যেসব ওষুধ ব্যবহার করা হয় তার মধ্যে আছে লোরাজেপাম (lorazepam) এবং মিডাজোলান (midazolam)।
- আপনার যদি জ্বর হয়, তাহলে অস্থিরতা দেখা দিতে পারে এবং প্যারাসিটামল (paracetamol) দিয়ে জ্বর নিয়ন্ত্রণ করা যেতে পারে।

সব ওষুধই নিয়মিত ভাবে এবং আপনার যখন দরকার হবে তখন দেওয়া হবে। আপনি যদি ওষুধ গিলতে না পারেন, তাহলে হয় আপনার শিরার মধ্যে নয়ত তুকের নিচে এটা একটা ইন্জেকশনের মাধ্যমে দেওয়া হতে পারে।

সবচেয়ে গুরুতর ক্ষেত্রে, কোভিড-১৯ গুরুতর ভাবে ফুস্ফুসের ওপর প্রভাব ফেলতে পারে, যার ফলে ফুস্ফুসের স্বাভাবিক ভাবে কাজ করা বন্ধ হতে যায়। আপনাকে নিঃশ্বাস নিতে সাহায্য করার উদ্দেশ্যে, আপনার ফুস্ফুসে হাওয়া ঢোকানো ও তার থেকে হাওয়া বের করার জন্য একটা ভেন্টিলেটোর ব্যবহার করা হতে পারে। আপনার ফুস্ফুস আবার ঠিকমত কাজ করতে না পারা পর্যন্ত আপনাকে হয়ত একটা ভেন্টিলেটোরের সাথে লাগিয়ে রাখার দরকার হতে পারে।

কি ভাবে আমার চিকিৎসা করা তা কি আমি স্থির করতে পারব?

আপনার কাছে যা যা গুরুত্বপূর্ণ তা নিয়ে আপনার ডাক্তারদের সাথে কথা বলা উচিত। কিছু জিনিষ কি ভাবে ও কখন করা হবে সে বিষয়ে আপনার হয়ত পছন্দ অপছন্দ থাকতে পারে। যেমন, কখন ভেন্টিলেশন (ফুস্ফুসে হাওয়া ঢোকানো ও বের করা) শুরু করা হবে এবং হৃৎপিণ্ড বন্ধ হয়ে গেলে তা আবার শুরু করা হবে কিনা। চিকিৎসাশাস্ত্র অনুযায়ী আপনার অবস্থা কিরকম তার সাথে সাথে আপনার মতামতও ডাক্তাররা হিসাবের মধ্যে নেবেন। আপনি যদি অসুস্থ হয়ে পড়েন, তাহলে ডাক্তারী সেবার সম্বন্ধে হয়ত তাড়াতাড়ি কঠিন সিদ্ধান্ত নিতে হতে পারে, কাজেই সেই ডাক্তারী টিমের কি করা আপনি চান তা তাদের জানানোটা গুরুত্বপূর্ণ। কিন্তু আপনি যদি অনিশ্চিত থাকেন, তাহলে দয়া করে ডাক্তারী টিমের কোন সদস্যের সাথে এই বিষয়ে আলোচনা করবেন।



EUROPEAN
LUNG
FOUNDATION



EUROPEAN
RESPIRATORY
SOCIETY

ডাঃ সাবরিনা বাজওয়া (সিসেলি সডার্স ইনস্টিটিউট, কিংস কলেজ লন্ডন) এই লিফলেটটির সংকলন করেছেন এবং সেই সঙ্গে, ইআরজে-এর (ERJ-এর) সম্পাদকীয় “ম্যানেজিং দা সাপোর্টিভ কেয়ার নীডস অভ দোজ এ্যাক্টেড উইথ কোভিড-১৯”-এর সাথে সহ-লেখক-লেখিকারা ও রোগী ও কেয়ারারদের গ্রুপ তথ্য সরবরাহ করেছেন। দয়া করে নিচে ষেরকম দেওয়া হয়েছে ষেরকম ভাবে এই সম্পাদকীয়ের উল্লেখ করবেন: :

Bajwah S, Wilcock A, Towers R, Costantini M, Bausewein C, Simon ST, Bendstrup E, Prentice W, Johnson MJ, Currow DC, Kreuter M, Wells AU, Biring SS, Edmonds P, Higginson IJ (2020). Managing the supportive care needs of those affected by COVID-19. ERJ: doi (10.1183/13993003.00815-2020)

২০২০ সালের এপ্রিল মাসে প্রকাশিত।

আমার কাছে যারা গুরুত্বপূর্ণ তাদের সাথে আমি কি ভাবে যোগাযোগ করব?

হাসপাতালের বাইরে ও ভেতরে দুই জায়গায়ই সম্পূর্ণ ভাবে বিচ্ছিন্ন করে রাখার নিয়ম কঠোর ভাবে প্রয়োগ করা হচ্ছে। এর মানে হচ্ছে যে আপনার সাথে দেখা করতে আসার জন্য কাউকে হয়ত অনুমতি নাও দেওয়া হবে। যারা দেখা করতে আসবে তাদের সকলকেই পার্সোনাল প্রোটেক্টিভ ইকুইপমেন্ট (ব্যক্তিগত সুরক্ষার সরঞ্জাম) (যেগুলিকে পিপিই বলা হয় – মুখের মাস্ক ইত্যাদি)। যেখানে সম্ভব সেখানে, আপনার কাছে গুরুত্বপূর্ণ ব্যক্তিদের সাথে টেলিফোন বা ভিডিও কলের মাধ্যমে যোগাযোগ করতে ওয়ার্ডের কর্মচারীরা আপনাকে সাহায্য করার চেষ্টা করবে। দয়া করে ওয়ার্ডের কর্মচারীদের জানাবেন যে এই ভাবে তথ্য জানাতে আপনি রাজী আছেন কিনা এবং এমন কোন নির্দিষ্ট ব্যক্তি আছে কিনা যাদের আপনি খবর জানাতে চান।

আমি কি অতিরিক্ত সহায়তা পেতে পারি?

আমরা বুঝতে পারছি যে এটা একটা কঠিন সময়। আপনার মনের অবস্থার সম্বন্ধে আপনি হয়ত কথা বলতে চাইতে পারেন। নিচে দেওয়া সহায়তার যে পরিষেবাগুলি আপনি পেতে পারেন, দয়া করে ওয়ার্ডের কর্মচারীদের মধ্যে একজনকে সেগুলির যে কোন একটির সাথে যোগাযোগ করতে বলবেন।

হাসপাতালের স্থানীয় সহায়তার পরিষেবার তালিকা: